

বিশ্ববিদ্যালয়  
 ১৯

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় : সাংবাদিকতা ও আইনসহ আরও আটটি বিভাগ চালু হচ্ছে

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা**

আইন, লোকপ্রশাসন, সাংবাদিকতা ও গণযোগাযোগ এবং কম্পিউটার সায়েন্সসহ নতুন ৮টি বিভাগ চালু হচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে। চলমান বিশেষ সংশোধন রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে উচ্চ শিক্ষা ও গবেষণার সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের উদ্দেশ্যে আগামী শিক্ষাবর্ষ থেকে এ বিভাগগুলো চালু হবে বলে বিশ্ববিদ্যালয়ের অফিস সূত্র জানিয়েছে। চালু হওয়া নতুন বিভাগগুলোর মধ্যে বিজ্ঞান অনুযয়ে ৪টি, কলা অনুযয়ে ১টি এবং সামাজিক বিজ্ঞান অনুযয়ে রয়েছে ৩টি বিভাগ।

নতুন বিভাগগুলোর মধ্যে রয়েছে বিজ্ঞান অনুযয়ে ফার্মাসি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ,

অণুজীব বিজ্ঞান ও জৈব প্রযুক্তি এবং ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। অন্যদিকে কলা অনুযয়ে আইন এবং সামাজিক বিজ্ঞান অনুযয়ে নৃ. বিজ্ঞান, সাংবাদিকতা ও গণযোগাযোগ এবং লোকপ্রশাসন বিভাগ। আগামী শিক্ষাবর্ষ থেকে নতুন ৮টি বিভাগ ছাড়াও ইংরেজি ভাষা শিক্ষা কেন্দ্র এবং সাইবার সেন্টার নামে নতুন দুটি সেন্টারও চালু হচ্ছে বলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সিরাজুল ইসলাম খান জানান।

নতুন বিভাগ চালু করার ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য 'সংবাদকে জানান। বিশ্ববিদ্যালয়ের বহুতল ভবনের (প্রস্তাবিত ২০তলা ভবন) নির্মাণ কাজ চলতি বছরের মাঝামাঝি সময়ে শেষ হচ্ছে। তখন আগামী শিক্ষাবর্ষ থেকে নতুন ভবনে এসব

বিভাগগুলো চালু করা হবে। তিনি জানান, প্রায় ১০০ ছাত্রছাত্রী একসঙ্গে বসে যাতে সাইবার সেন্টারে তাদের কাজ করতে পারে এজন্য একটি আধুনিক মানসম্পন্ন সাইবার সেন্টার গড়ার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দ্রুত গতিতে কাজ করে যাচ্ছে। তাছাড়া ছাত্রছাত্রীদের ইংরেজি বিষয়ে পারদর্শী করে গড়ে তোলার জন্য একটি ইংরেজি ভাষা শিক্ষা কেন্দ্র হচ্ছে বলে তিনি জানান।

উল্লেখ্য, ড. সিরাজুল ইসলাম খান ২০০৬ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসেবে নিয়োগ পাওয়ার পর গত ২০০৬-০৭ শিক্ষাবর্ষে ব্যবসায় শিক্ষা অনুযয়ে মার্কেটিং এবং ফিন্যান্স বিভাগ নামে নতুন দুটি বিভাগ চালু করেন। বর্তমানে এগুলোর শিক্ষা কার্যক্রম চলছে।